



রোনালদোর জোড়া গোলে উজবেকিস্তানকে হারাল পর্তুগাল



সংগৃহীত ছবি

ফিফা বিশ্বকাপের গ্রুপ পর্বে নিজেদের দ্বিতীয় ম্যাচে উজবেকিস্তানকে ৫-০ গোলে হারিয়েছে পর্তুগাল। দলের বড় জয়ে জোড়া গোল করেছেন অধিনায়ক ক্রিস্টিয়ানো রোনালদো। এছাড়া নুনো মেন্দেস ও রাফায়েল লিয়াও একটি করে গোল করেন। অপর গোলটি আসে আত্মঘাতী থেকে। মঙ্গলবার (২৩ জুন) টেন্সাসের হিউস্টনে অনুষ্ঠিত ম্যাচে শুরু থেকেই আধিপত্য দেখায় পর্তুগাল। ম্যাচের ষষ্ঠ মিনিটেই গোল করে দলকে এগিয়ে দেন রোনালদো। এরপর ফ্রি-কিক থেকে চমৎকার এক গোল করে ব্যবধান দ্বিগুণ করেন নুনো মেন্দেস।

প্রথমার্ধে উজবেকিস্তান একবার বল জালে জড়ালেও ভিএআর পর্যালোচনার পর গোলটি বাতিল করেন রেফারি। ফলে ২-০ ব্যবধান নিয়েই বিরতিতে যায় পর্তুগাল। দ্বিতীয়ার্ধে আক্রমণের ধার আরও বাড়ায় ইউরোপের দলটি। ম্যাচের ৫৯তম মিনিটে প্রতিপক্ষের আত্মঘাতী গোলে ৩-০ ব্যবধানে এগিয়ে যায় পর্তুগাল। এরপর রোনালদো নিজের দ্বিতীয় গোল করে দলের জয় আরও নিশ্চিত করেন।

ম্যাচের শেষ দিকে মাঠে নেমে রাফায়েল লিয়াও দুর্দান্ত এক গোল করে স্কোরলাইন ৫-০ করেন। বড় এই জয়ে পূর্ণ তিন পয়েন্ট নিয়ে গ্রুপে নিজেদের অবস্থান আরও শক্ত করেছে পর্তুগাল।

গ্রুপ পর্বের তৃতীয় ও শেষ ম্যাচে আগামী ২৮ জুন কলম্বিয়ার মুখোমুখি হবে পর্তুগাল। বাংলাদেশ সময় ম্যাচটি শুরু হবে সকাল ৫টা ৩০ মিনিটে।